দৈনিক সংবাদ

তারিখ ... 08 DEC 1992 ...
পৃষ্ঠা ... কলাম ...

# ছাত্র ব্রিগেড গঠনের আহ্বান

ডাকসুসহ ১৬টি ছাত্র সংগঠনের নেতৃবৃন্দ দেশে সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষা এবং অশুভ শক্তির অপতৎপরতা প্রতিহত করার লক্ষ্যে দেশের প্রতিটি স্থানে "ছাত্র ব্রিগেড" গঠনের জন্য ছাত্র সমাজের প্রতি আহ্বান জানিয়েছেন।

গতকাল সোমবার এক যুক্ত বিবৃতিতে তারা ভারতে বাবরী মসজিদে উগ্র হিন্দু মৌলবাদীদের হামলা ও ভাংচুরের নিন্দা জানানোর পাশাপাশি এই আহ্বান জানান।

বিবৃতি প্রদানকারী সংগঠনগুলোর মধ্যে রয়েছে ঃ ডাকসু, ছাত্র ইউনিয়ন, ছাত্রলীগ (ম-ই), সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট, রাকসু, ছাত্র মৈত্রী, জাতীয় ছাত্র ঐক্য, ছাত্র ফেডারেশন, ছাত্র সমিতি, জাতীয় ছাত্র লীগ, গণতান্ত্রিক ছাত্রলীগ, ছাত্র ঐক্য ফোরাম, জাতীয় ছাত্রদল, বিপ্লবী ছাত্র সংঘ এবং ছাত্র কেন্দ্র।